



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সমন্বয় শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০৮.১৯.৪৬৮

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮

০৬ ডিসেম্বর ২০২১

বিষয়: বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠানের নির্দেশনাবলি।

সূত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নং-জ:/শ:/উ:/জা:বা:ক:/বিবিধ-০৯/১১৫২, তারিখ: ০৪ ডিসেম্বর ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনে গত ২০২০ সালের ১৭ই মার্চ হতে দেশে বিদেশে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে পালিত হচ্ছে মুজিববর্ষ। জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপনের এ অনন্য সময়ের সঙ্গে যুক্ত হয়েছে বাংলাদেশের স্বাধীনতা ও সুবর্ণজয়ন্তী উদযাপন। নতুন প্রজন্মসহ সকলকে বঙ্গবন্ধুর আদর্শের শিক্ষায় আলোকিত এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার মহতী লক্ষ্যে সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের এ মহেন্দ্রক্ষেণে এক শপথ অনুষ্ঠানের আয়োজনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী ১৬ ডিসেম্বর বিকেল ৪:৩০ মিনিটে বাংলাদেশে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে দেশব্যাপী উক্ত শপথ অনুষ্ঠানটি পরিচালনা করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা।

২। উক্ত শপথ অনুষ্ঠানটি সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে:

- (১) বিভাগীয় কমিশনার বিভাগীয় শহরের একটি যথোপযুক্ত উন্মুক্ত স্থান নির্ধারণ করে সমাজের সকল শ্রেণি পেশার মানুষকে সম্পৃক্ত করে উৎসবমুখর পরিবেশে শপথ অনুষ্ঠানটি আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।
- (২) জেলা ও উপজেলা পর্যায়ে উপযুক্ত উন্মুক্ত স্থানে উৎসবমুখর পরিবেশে সমাজের সর্বস্তরের মানুষের উপস্থিতিতে শপথ অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সার্বিক সমন্বয় করবেন।
- (৩) শপথ অনুষ্ঠানটি আয়োজনের ক্ষেত্রে মুক্তযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য সকল পেশাজীবী সকল সামাজিক-সাংস্কৃতিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের সদস্যগণ, ক্ষুদ্র নৃগোষ্ঠী, নারী, কৃষক, শ্রমিক, ছাত্রসহ সমাজের সর্বস্তরের মানুষের উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৪) শপথ অনুষ্ঠানটি আয়োজনের ক্ষেত্রে বিদ্যমান COVID-19 পরিস্থিতি বিবেচনায় সকল অংশগ্রহণকারীকে মাস্ক পরিধান ও কোভিড স্বাস্থ্যবিধি প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- (৫) শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ তাদের স্ব-স্ব প্রতিষ্ঠানের ইউনিফর্ম পরিধান করে অনুষ্ঠানস্থলে উপস্থিত হবেন।
- (৬) শপথ অনুষ্ঠানে পঠিতব্য লিখিত শপথবাক্য সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ করা হবে।
- (৭) অনুষ্ঠানে অংশগ্রহণকারী কর্তৃক পরিধেয় মাস্কের ডিজাইনের সফট কপি জাতীয় বাস্তবায়ন কমিটি হতে সংশ্লিষ্ট সকলের ই-মেইলে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। প্রেরিত ডিজাইনের আলোকে স্থানীয়ভাবে মাস্ক তৈরি করে অনুষ্ঠানে উপস্থিত সকলকে পরিধানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৩। বর্ণিতাবস্থায়, উক্ত শপথ অনুষ্ঠানে উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে এ বিভাগের অধীনস্থ সকল দপ্তর-সংস্থা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিতকরণে স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক সহযোগিতা প্রদানসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।



৬-১২-২০২১

মোহাম্মদ ইছমত উল্লাহ

উপসচিব

ফোন: ৯৫৪৬৫৬৩

ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি), গ্রিন ডেল্টা এইমস টাওয়ার(লেভেল-১০), ৫১-৫২, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
- ৩) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৪) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
- ৭) ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
- ৮) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৯) প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১০) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
- ১১) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি
- ১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, (সকল বোর্ড)
- ১৩) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
- ১৪) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
- ১৫) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট